



ঋণ আদায় বিভাগ

অপারেশন পরিপত্র নং- ০১/২০১৮

তারিখ: ৩০.০৯.২০১৮

সকল শাখা ব্যবস্থাপক/
আঞ্চলিক ব্যবস্থাপক
কর্মসংস্থান ব্যাংক।

বিষয়: সুদ মওকুফ নীতিমালা।

কর্মসংস্থান ব্যাংক বেকার বিশেষ করে বেকার যুবদের দারিদ্র্য বিমোচনের লক্ষ্যে উৎপাদনমুখী ও ব্যবসায়িক কর্মকাণ্ডে সম্পৃক্ত করার নিমিত্তে ঋণ সহায়তা প্রদান করে থাকে। যৌক্তিক কারণে বিভিন্ন সময়ে প্রকল্প রুগ্ন/বন্ধ হওয়াসহ প্রাকৃতিক দুর্যোগে নানাবিধ ক্ষয়-ক্ষতির ফলে ঋণ গ্রহিতাদের ঋণের দায় হতে অব্যাহতি প্রদান করার লক্ষ্যে অর্থ মন্ত্রণালয় হতে বিভিন্ন সময়ে জারীকৃত সুদ মওকুফ সংক্রান্ত নির্দেশনার আলোকে বিদ্যমান সুদ মওকুফ নীতিমালাটি সংযোজন/বিয়োজন/সংশোধনের আবশ্যকতা দেখা দেয়। এ লক্ষ্যে প্রস্তাবিত সুদ মওকুফ নীতিমালাটি ২০.০৯.২০১৮ তারিখে অনুষ্ঠিত পরিচালনা বোর্ডের ২৬৭তম সভায় উপস্থাপন করা হলে বিস্তারিত আলোচনান্তে প্রস্তাবিত নীতিমালা অনুমোদনসহ একটি পূর্ণাঙ্গ সুদ মওকুফ নীতিমালা জারী করার অনুমোদন প্রদান করে।

২.০ পরিচালনা বোর্ডের অনুমোদনক্রমে ইতোপূর্বে জারীকৃত সকল পরিপত্র/সার্কুলার লেটার বাতিল করে নিম্নোক্তভাবে একটি পূর্ণাঙ্গ সুদ মওকুফ নীতিমালা জারী করা হলো:

(০১) কোন ক্যাটাগরীর ঋণ/ব্যক্তিগণ সুদ মওকুফের আওতায় আসবে:

- ঋণ গ্রহীতার মৃত্যু হলে ;
- প্রাকৃতিক দুর্যোগ, সড়ক, নদী ভাঙ্গন বা এ ধরনের দুর্দশার কারণে প্রকল্প ক্ষতিগ্রস্ত হলে ;
- অন্য কোন যুক্তিসঙ্গত কারণে অর্থাৎ ঋণ গ্রহীতার অসুস্থতা, শারীরিক অক্ষমতা, পোষ্যের অসুস্থতা/মৃত্যু, অপ্রকৃতিস্থ হওয়া, বৈদ্যুতিক সার্কিটে/আগুনে প্রকল্পের মালামাল পুড়ে যাওয়া, প্রকল্পের মালামাল চুরি হওয়া, বিষ প্রয়োগ/মড়কে প্রকল্পের মাছ মারা যাওয়া, স্বামী পরিত্যক্তা, বার্ড ফ্লু/গাম্বুরা/অন্যান্য রোগে মুরগী মারা যাওয়া, গবাদি পশু মারা যাওয়া, পাওয়ার টিলার বা সেলাই মেশিন নষ্ট হওয়া, মামলায় সাজাপ্রাপ্ত হওয়া, ব্যবসায়িক ক্ষতি, উচ্ছেদ অভিযানে ক্ষতিগ্রস্ত ও অন্যান্য নিয়ন্ত্রণ বর্হিভূত কারণে প্রকল্প ক্ষতিগ্রস্ত হলে।

(০২) সুদ মওকুফের বিবেচ্য বিষয়সমূহ:

- ঋণটি নিম্নমান, সন্দেহজনক বা মন্দ ও ক্ষতি (Sub-standard, Doubtful or Bad & Loss) হিসেবে শ্রেণীকৃত হতে হবে। এছাড়াও অবলোপনকৃত ও মামলাধীন ঋণ সুদ মওকুফের বিবেচনায় আসবে;
- মূল ঋণ, মামলা খরচ ও অন্যান্য খরচ মওকুফযোগ্য হবে না ;
- ব্যাংকের নিজস্ব তহবিলের ঋণ কর্মসূচীসহ অন্যান্য কর্মসূচীর ক্ষেত্রে এ নীতিমালা প্রযোজ্য হবে। তবে, কৃষি ভিত্তিক শিল্প ঋণের আওতায় Revolving Fund এর ৫% আদায় নিশ্চিত হওয়ার পর ব্যাংকের প্রাপ্য/প্রাপ্ত ৩% হতে স্থগিত সুদ ও অনারোপিত সুদ মওকুফ বিবেচ্য হবে;
- ঋণ হিসাবে Cost of fund কভার করে এবং শাখার Income account বা প্রধান কার্যালয়ের প্রভিশন debit না করেই সুদ মওকুফ সুবিধা প্রদানের বিষয়টি বিবেচনায় আনতে হবে;
- সুদ মওকুফের হার ও পরিমাণ নির্ধারণের ক্ষেত্রে সংশ্লিষ্ট ঋণ হিসাবের শ্রেণীকরণের মান ও কতদিন যাবৎ শ্রেণীকৃত তা বিবেচনায় আনতে হবে ;
- ঋণ গ্রহীতার আবেদনের প্রেক্ষিতে মাঠ পর্যায়ের তদন্তে তাঁর আর্থিক ক্ষতিগ্রস্ত হওয়ার বিষয়টি সুস্পষ্ট ও সন্দেহাতীতভাবে যৌক্তিক বিবেচিত হলে ঋণের সুদ মওকুফের প্রস্তাব ঋণ গ্রহীতার আবেদন প্রাপ্তি পরবর্তী ৯০(নব্বই) দিনের মধ্যে অবশ্যই যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে সুপারিশসহ প্রধান কার্যালয়ে প্রেরণ করতে হবে।

চলমান পাতা-০২

(০৩) সুদ মওকুফ প্রস্তাব/আবেদনের সাথে প্রয়োজনীয় কাগজপত্র:

- ক. সুদ মওকুফ সংক্রান্ত আবেদনপত্র;
- খ. মৃত্যুর ক্ষেত্রে মৃত ঋণ গ্রহীতার মৃত্যু সম্পর্কে শাখা ব্যবস্থাপক ও স্থানীয় সরকারের ক্ষমতাপ্রাপ্ত প্রতিনিধির প্রত্যয়ন এবং সুদ মওকুফের স্বপক্ষে যৌক্তিক কারণ/প্রমাণক;
- গ. রিভিউ ফরম (পরিশিষ্ট-ক মোতাবেক);
- ঘ. সুদ মওকুফোত্তর অবশিষ্ট পাওনা পরিশোধ সম্পর্কে আবেদনকারীর ঘোষণাপত্র (পরিশিষ্ট-খ মোতাবেক);
- ঙ. ঋণ গ্রহীতা অসুস্থ হলে চিকিৎসার সন্তোষজনক প্রমাণক;
- চ. Cost of fund হাল নাগাদ হিসাবায়ন সংক্রান্ত একটি শ্যাডো হিসাব বিবরণী (লেজার পৃষ্ঠাসহ)।

(০৪) সুদ মওকুফ আবেদন/প্রস্তাব প্রক্রিয়াকরণে শর্তাবলি:

- ক. শাখা ব্যবস্থাপক কর্তৃক সুদ মওকুফ আবেদনকারীর স্বাক্ষর সত্যায়িতকরণ;
- খ. ব্যাংকের বিরুদ্ধে দায়েরকৃত রীট পিটিশনের আওতাধীন কোন ঋণের সুদ মওকুফ বিবেচনা করা যাবে না;
- গ. সুদ মওকুফ সুবিধা গ্রহণকারী ঋণগ্রহীতাকে পরবর্তীতে কোনক্রমেই পুনরায় ঋণ প্রদান করা যাবে না।

(০৫) ডাউন পেমেন্ট পরিশোধ সংক্রান্ত (প্রযোজ্য ক্ষেত্রে):

- ক. ১ম বার লেজার স্থিতির কমপক্ষে ১০% ডাউন পেমেন্ট হিসাবে গ্রহণ করতে হবে;
- খ. ২য় বার লেজার স্থিতির কমপক্ষে ১৫% ডাউন পেমেন্ট হিসাবে গ্রহণ করতে হবে;
- গ. ৩য় বার লেজার স্থিতির কমপক্ষে ২০% ডাউন পেমেন্ট হিসাবে গ্রহণ করতে হবে;
- ঘ. একাধিক তারিখে ডাউন পেমেন্টের টাকা জমা নেয়া যাবে। তবে অনধিক ৬০(ষাট) দিনের মধ্যে বিভিন্ন তারিখে জমাকৃত টাকা ডাউন পেমেন্ট হিসেবে গণ্য করা যাবে।

(০৬) ঋণের Cost of fund হিসাবায়নের ক্ষেত্রে:

শাখা কর্তৃক ব্যাংকের প্রচলিত সুদের হার অনুযায়ী ঋণ বিতরণের তারিখ হতে আসলের Re-ducing Balance এর উপর মোট দৈনিক প্রডাক্ট নির্ণয়ের মাধ্যমে হাল নাগাদ Cost of fund হিসাবায়ন করতে হবে।

ফর্মুলা: $\text{Re-ducing Balance} \times \text{Time} \times \text{ব্যাংকের CFR (Cost of fund Rate)} \div 100$. Cost of fund এর Rate প্রতি অর্থ-বছর শেষে প্রধান কার্যালয়ের কেন্দ্রীয় হিসাব ও তহবিল ব্যবস্থাপনা বিভাগ হতে সংগ্রহ করতে হবে।

(০৭) সুদ মওকুফ অনুমোদনের ক্ষমতা:

- ক. ব্যবস্থাপনা পরিচালক: ৫.০০ লক্ষ টাকা পর্যন্ত মঞ্জুরীকৃত ঋণের সুদ, Cost of fund আবৃত্ত থাকা এবং শাখার Income account বা প্রধান কার্যালয়ের প্রভিশন debit না করার শর্তে;
- খ. ব্যাংক পরিচালনা বোর্ড: Cost of fund শিথিল বিবেচনায় যে কোনো পরিমাণ ঋণের সুদ তবে শাখার Income account বা প্রধান কার্যালয়ের প্রভিশন debit না করার শর্তে।

(০৮) সুদ মওকুফোত্তর অবশিষ্ট পাওনা পরিশোধ পদ্ধতি:

- ক. সুদ মওকুফ প্রস্তাব বিবেচিত হলে উদ্যোক্তা/তীর পক্ষে আবেদনকারীকে মওকুফোত্তর পাওনা সর্বোচ্চ ০১ বছরের মধ্যে পরিশোধ করতে হবে;
- খ. সুদ মওকুফ প্রস্তাব অনুমোদনকারী কর্তৃপক্ষ মওকুফোত্তর পাওনা এককলীন/পাক্ষিক/মাসিক/ত্রৈমাসিক/ষান্মাসিক কিস্তিতে পরিশোধের সময়সীমা নির্ধারণ করবে;
- গ. নির্ধারিত সময়ের মধ্যে ঋণ গ্রহীতা মওকুফোত্তর পাওনা যৌক্তিক কারণে পরিশোধ করতে না পারলে ঋণ গ্রহীতার আবেদন ও শাখা ব্যবস্থাপকের সুপারিশক্রমে মওকুফোত্তর পাওনা পরিশোধের মেয়াদ কেইস টু কেইস ভিত্তিতে সর্বোচ্চ ০৩ বছর বৃদ্ধি করা যাবে। এক্ষেত্রে মেয়াদ বৃদ্ধির ক্ষমতা অনুচ্ছেদ-২.০ (০৭)-এ বর্ণিত কর্তৃপক্ষের উপর ন্যস্ত থাকবে। উক্ত সময়ের মধ্যেও পাওনা টাকা পরিশোধে ব্যর্থ হলে সুদ মওকুফ সুবিধা বাতিল বলে গণ্য হবে এবং সুদারোপ বন্ধের তারিখ হতে উক্ত ঋণের উপর প্রচলিত হারে সুদ চার্জ করতে হবে।

৪

৪

(০৯) মামলা সংক্রান্ত:

- ক. সুদ মওকুফ প্রস্তাব প্রেরণ এবং মওকুফ সংক্রান্ত মঞ্জুরী পত্র ইস্যুর তারিখ-এ দু'য়ের অন্তর্বর্তীকালীন সময়ে কোন ঋণ তামাদি হওয়ার আশংকা থাকলে সুদ মওকুফ সংক্রান্ত মঞ্জুরী পত্রের জন্য অপেক্ষা না করে অনাদায়ী টাকা আদায়ের জন্য মামলা দায়ের করতে হবে;
- খ. ৫.০০ লক্ষ টাকার উর্ধ্বে ঋণ হিসাবের সুদ মওকুফ প্রস্তাব বিবেচনার পূর্বে অনাদায়ী ঋণের টাকা আদায়ের লক্ষ্যে ঋণের বিপরীতে প্রদত্ত জামানতি সম্পত্তি অর্থ ঋণ আদালত আইন-২০০৩ এর ১২ ধারা মোতাবেক বিক্রির কার্যকর ব্যবস্থা গ্রহণ করতে হবে। ব্যাংক কর্তৃক জামানতি সম্পত্তি বিক্রি করতে ব্যর্থ হলে সেক্ষেত্রে উপযুক্ত আদালতে মোকদ্দমা দায়ের করতে হবে।

(১০) ঋণ হিসাব সমন্বয় পদ্ধতি:


- ক. শাখার Income account বা প্রধান কার্যালয়ে রক্ষিত প্রভিশন debit করার বিধান না থাকায় মওকুফকৃত সুদের পরিমাণ স্থগিত (অসম্বিত) সুদের চেয়ে বেশী হওয়ার সুযোগ নেই বিধায় প্রভিশন খাতের বিপরীতে কোনো ক্রেডিট এডভাইস ইস্যুর প্রয়োজন নেই;
- খ. ঋণ গ্রহিতা কর্তৃক ঋণের সম্পূর্ণ বকেয়া পাওনা পরিশোধ হওয়ার পর সংশ্লিষ্ট ঋণ হিসাবের বিপরীতে মওকুফকৃত স্থগিত সুদ (অসম্বিত) ডেবিট এবং ঋণ হিসাব ক্রেডিট করে ঋণটি সমন্বয় করতে হবে;
- গ. মওকুফকৃত অনারোপিত সুদের সাথে হিসাবায়নের কোনো সংশ্লিষ্টতা না থাকায় ঋণের বকেয়া পাওনা সম্পূর্ণ আদায় না হওয়া পর্যন্ত ঋণ হিসাব সমন্বয় করা যাবে না।

(১১) নিরীক্ষা সংক্রান্ত:

সুদ মওকুফের যৌক্তিকতার স্বপক্ষে প্রয়োজনীয় প্রমাণাদি নিরীক্ষার জন্য শাখায় সংরক্ষণ করতে হবে। নিরীক্ষা বিভাগ শাখা নিরীক্ষাকালে উহা পরীক্ষা করবে।

৩.০ এ নীতিমালার নির্দেশাবলী যথাযথভাবে অনুসরণের জন্য সংশ্লিষ্ট সকলকে নির্দেশ দেয়া হলো। এ বিষয়ে কোনো অস্পষ্টতা পরিলক্ষিত হলে নিম্নস্বাক্ষরকারীর সাথে যোগাযোগ করার পরামর্শ দেয়া হলো।

এ নীতিমালা অবিলম্বে কার্যকর হবে।


৩০.০৭.১৬
(এম এম মাহবুব আলম)
উপ-মহাব্যবস্থাপক

সংযুক্তি: বর্ণনা মোতাবেক।

সূত্র নং-কেবি/প্রকা/ঋআবি-৩৪/২০১৮-২০১৯/১১২(৩০৪)

তারিখঃ এ

সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো:

- ১। স্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা;
- ২। স্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের দপ্তর, কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা;
- ৩। স্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা;
- ৪। সকল উপ-মহাব্যবস্থাপক, কর্মসংস্থান ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা। (উপ-মহাব্যবস্থাপক, আইটি বিভাগ-কে “সুদ মওকুফ নীতিমালা” ব্যাংকের ওয়েবসাইটে প্রকাশের জন্য অনুরোধ করা হলো);
- ৫। সকল উপ-মহাব্যবস্থাপক, বিভাগীয় কার্যালয়, কর্মসংস্থান ব্যাংক;
- ৬। বোর্ড সচিব, পর্ষদ সচিবালয়, কর্মসংস্থান ব্যাংক;
- ৭। সকল সহকারী মহাব্যবস্থাপক, বিভাগীয় নিরীক্ষা কার্যালয়, কর্মসংস্থান ব্যাংক;
- ৮। অফিস নথি।


৩০.০৭.১৬
(মতিয়ার রহমান)
সহকারী মহাব্যবস্থাপক



কর্মসংস্থান ব্যাংক
(রাষ্ট্র মালিকানাধীন একটি আর্থিক প্রতিষ্ঠান)

বেকার যুবদের বিশ্বস্ত বন্ধু

পরিশিষ্ট-ক

.....শাখা

ঋণ হিসাবের রিভিউ ফর্ম

০১.	কর্মসূচির নাম	:		১২.	ডাউন পেমেন্টের পরিমাণ:	
০২.	ঋণ গ্রহিতার নাম	:				
০৩.	ঋণ কেইস নং	:			জমার তারিখ	টাকার পরিমাণ
০৪.	প্রকল্পের নাম	:				
০৫.	বিতরণকৃত ঋণের পরিমাণ	:				
০৬.	বিতরণের তারিখ	:				
০৭.	সর্বশেষ কিস্তি বিতরণের তারিখ	:				
০৮.	মেয়াদোত্তীর্ণের তারিখ	:			মোট:	
০৯.	সুদ মওকুফ আবেদনের তারিখ	:				
১০.	ঋণের মোট আয়ুষ্কাল	:	 মাস	১৩.	ডাউন পেমেন্টের হার:	
১১.	ডাউন পেমেন্ট পূর্ব ঋণ স্থিতি	:			(ক্রমিক: ১২ ÷ ১১ × ১০০)	
১৪.	স্থগিত সুদের পরিমাণ	:				
১৫.	ঋণের বর্তমান স্থিতি (ক্র: ১১ – ১২)	:			(প্রযোজ্য ক্ষেত্রে সুদ চার্জ অন্তর্ভুক্ত হলে পরিমাণ উল্লেখ করতে হবে)	
১৬.	কোর্ট ফি ও অন্যান্য	:				
১৭.	ঋণের কষ্ট অব ফান্ডের পরিমাণ (..... তারিখ পর্যন্ত)	:				
১৮.	কষ্ট অব ফান্ড আবৃত করে আদায়যোগ্য (ক্র: ৫+১৬+১৭)	:				
১৯.	কষ্ট অব ফান্ড শিথিল প্রয়োজন (ক্র: ১৮ – ২১)	:				
২০.	সংরক্ষিত প্রভিশনের পরিমাণ (জুন ভিত্তিক)	:				
২১.	মোট আদায়	:				

২২.	ঋণটির শ্রেণীবিন্যাস সংক্রান্ত তথ্য	:	শ্রেণীকরণ অনুযায়ী স্ট্যাটাস (প্রযোজ্য ক্ষেত্রে টিক চিহ্ন)	সূত্র তারিখ (জুন ভিত্তিক)
			SS/DF/BL/Write-Off	

২৩.	ঋণ হিসাবের সার্বিক অবস্থা	:
-----	---------------------------	---

ক্রমিক নং	বিবরণ	পাওনা	পরিশোধ	বকেয়া
ক.	বিতরণের পরিমাণ (মূল ঋণ)			
খ.	কোর্ট ফি ও অন্যান্য			
গ.	মোট আরোপিত সুদ (.....তারিখ পর্যন্ত)			
	মোট:			
ঘ.	অনারোপিত সুদ (.....তারিখ পর্যন্ত)			
	সর্বমোট:			

চলমান পাতা-০২

২৪.	সুদ মওকুফ সুপারিশ সংক্রান্ত তথ্য (সরেজমিনে তদন্ত করে)	:
-----	--	---

ক্রমিক নং	বিবরণ	সুদের পরিমাণ	শাখা কর্তৃক সুদ মওকুফের সুপারিশ (Income Account/প্রভিশন Debit না করে)	মওকুফযোগ্য সুদের হার
ক.	স্থগিত সুদ (আরোপিত)			
খ.	অনারোপিত সুদ			
মোট:				

২৫.	মামলার অবস্থা (যদি থাকে)	:
-----	--------------------------	---

ক.	আদালতের নাম, মোকদ্দমা নং ও দায়েরের তারিখ	:	
খ.	মূল দাবীকৃত টাকার পরিমাণ	:	
গ.	মামলা দায়েরের পর আদায়কৃত টাকার পরিমাণ	:	
ঘ.	রায় হয়ে থাকলে রায়ের মূল প্রতিপাদ্য	:	
ঙ.	আদালত কর্তৃক গৃহিত ব্যবস্থার সংক্ষিপ্ত বিবরণ	:	

২৬.	অন্যান্য তথ্যাদি	:
-----	------------------	---

ক.	ঋণ গ্রহিতাকে চূড়ান্ত নোটিশ দেয়া হয়েছে কিনা (দেয়া হয়ে থাকলে উহার তারিখ ও ফলাফল)	:	
খ.	তদন্তকারী কর্মচারী কর্তৃক সরেজমিনে তদন্তপূর্বক ঋণটি আদায় না হওয়ার যৌক্তিক কারণ ব্যাখ্যা	:	
গ.	ঋণ গ্রহিতার বর্তমান অবস্থা	:	

২৭.	সুদ মওকুফ নীতিমালার আলোকে সুদ মওকুফ আবেদন গ্রহণযোগ্যতার বিষয়ে তদন্ত কর্মচারী ও শাখা ব্যবস্থাপকের সার্বিক মন্তব্য	:
-----	--	---

দ্বিতীয় কর্মকর্তা/স্বাক্ষরকারীর স্বাক্ষর, সীল ও তারিখ

ব্যবস্থাপকের স্বাক্ষর, সীল ও তারিখ

বিঃদ্র: প্রয়োজনে ঋণের কষ্ট অব ফান্ড নিরূপণের জন্য সফ্ট কপির নমুনা প্রধান কার্যালয়ের ঋণ আদায় বিভাগ হতে সংগ্রহ করতে হবে।

আবেদনকারীর ঘোষণাপত্র

আমি _____ পিতা _____

ঠিকানাঃ _____

এই মর্মে ঘোষণা করছি যে, _____ তারিখে দাখিলকৃত আমার সুদ মওকুফের আবেদনের বিষয়ে ব্যাংক কর্তৃপক্ষ যে সিদ্ধান্ত প্রদান করবে তা আমি গ্রহণ করতে সম্মত আছি এবং সুদ মওকুফের কোনো পাওনা থাকলে তা কর্তৃপক্ষের নির্ধারিত সময়-সূচী অনুযায়ী পরিশোধ করার অঙ্গীকার করছি।

স্বাক্ষরঃ _____

নামঃ _____

ঠিকানাঃ _____

তারিখঃ

৪

৪